

19

**আজ আন্তর্জাতিক
সাক্ষরতা
দিবস**
ইত্তেফাক রিপোর্ট ॥ আজ
(বুধবার) ৮ই সেপ্টেম্বর আন্ত-
র্জাতিক সাক্ষরতা দিবস। ২৮
বছর পূর্বে বিশ্ব হইতে নিরক্ষরতা
দূরীকরণের দৃঢ় অঙ্গীকার নিয়া
(২য় পৃ: ৩-এর ক: দ্র:)

আজ আন্তর্জাতিক দিবস

(১ম পৃ: পর)

প্রতিবছর এই দিবস পালন শুরু হয়। দিবসটি উদযাপনের জন্য সরকার, বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক-সাংস্কৃতিক সংগঠন পৃথক কর্মসূচী গ্রহণ করিয়াছে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ সকাল সাড়ে ১০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে 'সবার জন্য শিক্ষা বাস্তবায়নে কৌশল' শীর্ষক এক আলোচনা সভার আয়োজন করিয়াছে। প্রধান-মন্ত্রী বেগম খালেদা জিয়া সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন।

সকাল সাড়ে ৭টায় জাতীয় জাদুঘর প্রাঙ্গণ হইতে একটি র্যালী বাহির করা হইবে। সংসদ উপনেতা প্রফেসর এ. কিউ. এম, বদরুদ্দোজা চৌধুরী, তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নাজমুল হুদা, সিটি কর্পোরেশনের মেয়র মীর্জা আব্বাস এম, পি র্যালীর নেতৃত্ব দিবেন।

জাতিসংঘ তথ্য কেন্দ্র ও জাতীয় ইউনেস্কো ক্লাব যৌথ উদ্যোগে ধানমন্ডির জাতিসংঘ তথ্য কেন্দ্রে এক আলোচনা সভার আয়োজন করিয়াছে। বিকাল ৪টায় এই আলোচনা সভায় জাতীয় সংসদের উপনেতা প্রফেসর এ. কিউ. এম বদরুদ্দোজা চৌধুরী প্রধান অতিথি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমেদ, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুহাম্মদ শাহজাহান, ঢাকার ইউ. এন. ডিপির সহকারী মিসেস শফি, ডি, কেন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন।

স্বচ্ছাসেবী প্রতিষ্ঠান বাংলা-দেশ ২০০০ এবং জাতিসংঘ তথ্য কেন্দ্রের যৌথ উদ্যোগে দুপুর পৌনে একটায় তথ্যকেন্দ্রের মিলনায়তনে 'বাংলাদেশে গণশিক্ষা কার্যক্রম বিস্তারে জনগণের সংগ্রহণ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হইবে। জাতীয় অধ্যাপক মোহাম্মদ শামস-উল-হক সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন।

জাতিসংঘ সমিতি বিকাল ৪টায় ড: মুহাম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপিঠ প্রাঙ্গণে এক আলোচনা সভার আয়োজন করিয়াছে। প্রবীণ শিক্ষাবিদ প্রফেসর নীলিমা ইব্রাহিম সভায় সভাপতিত্ব করিবেন। গণনাট্য সংঘ বিকাল ৪টায় তেজগাঁও বস্তি এলাকায় 'জনতার পাঠশালা' শীর্ষক নাটক প্রদর্শনীর আয়োজন করিয়াছে।

ইউসেপ ইউনিট নম্বর ৪ সকাল সাড়ে ৮টায় ধলপুর হইতে একটি র্যালী বাহির করিবে। সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি এক বিবর্তিতে প্রাথমিক শিক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং তাহা বাস্তবায়নে সামাজিক আন্দোলন গড়িয়া তোলার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছে।